# জুলাই সনদের খসড়ায় অসঙ্গতি, বিএনপির মতামত ২০ আগস্টের মধ্যে: সালাহউদ্দিন আহমেদ



সংগৃহীত ছবি

‘জুলাই জাতীয় সনদ ২০২৫’-এর চূড়ান্ত খসড়ায় বেশ কিছু অসঙ্গতি ও উপস্থাপনগত ঘাটতি রয়েছে বলে মন্তব্য করেছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ। তিনি জানান, বিএনপি খসড়াটি পর্যালোচনা করে আগামী ২০ আগস্টের মধ্যে আনুষ্ঠানিক মতামত জানাবে।

জাতীয় ঐকমত্য কমিশনের প্রণীত ‘জুলাই জাতীয় সনদ ২০২৫’-এর চূড়ান্ত খসড়া নিয়ে আপত্তি তুলেছে বিএনপি। দলটির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ বলেছেন, খসড়ার বিভিন্ন অংশে অসঙ্গতি রয়েছে, পাশাপাশি কিছু গুরুত্বপূর্ণ বিষয় সঠিকভাবে প্রতিফলিত হয়নি।

রোববার (১৭ আগস্ট) যমুনা টেলিভিশনে দেয়া এক সাক্ষাৎকারে তিনি এ মন্তব্য করেন। সালাহউদ্দিন জানান, বিএনপি খসড়াটি ইতোমধ্যেই হাতে পেয়েছে এবং তা গভীরভাবে বিশ্লেষণ করছে। আগামী ২০ আগস্টের মধ্যেই আনুষ্ঠানিকভাবে নিজেদের মতামত জানানো হবে।

উল্লেখ্য, জাতীয় ঐকমত্য কমিশন সম্প্রতি বিভিন্ন রাজনৈতিক দলকে খসড়াটি পাঠিয়েছে। এতে সংবিধান সংস্কার, নির্বাচন প্রক্রিয়া, বিচার বিভাগ, জনপ্রশাসন, পুলিশ ব্যবস্থা এবং দুর্নীতি দমন সংক্রান্ত একাধিক সংস্কার প্রস্তাব অন্তর্ভুক্ত করা হয়েছে।

খসড়ায় বলা হয়েছে, এসব প্রস্তাব বিভিন্ন দল ও জোটের সঙ্গে আলোচনার মাধ্যমে প্রণীত হলেও সব সুপারিশ নিয়ে সর্বসম্মত মত গড়ে ওঠেনি। কিছু দল নির্দিষ্ট প্রস্তাবের ব্যাপারে আপত্তি জানিয়েছে, আবার কিছু বিষয়ে আংশিক সমঝোতাও হয়েছে।

LENS ASIA